গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৯ (অংশ-১)-১০৬

তারিখঃ ৩১ আষাঢ়, ১৪২৭
১৫ জুলাই, ২০২০

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুন /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১২ জুলাই ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুন/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ০৬/০৮/২০২০খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১৫/৭/২০২০
শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/ উন্নয়ন ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগে সংযুক্ত),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
০৭। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৮। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র সহকারী সচিব (সকল)/ উপ-পরিচালক (এসডিজি সেল)/ সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১২। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১৩। পরিসংখ্যান কর্মকর্তা (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৫। আইন কর্মকর্তা, (আইন শাখা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুন /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১২ জুলাই, ২০২০ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র পরিচালক (যুগ্মসচিব) জনাব জাফর আহাম্মদ খান কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করায় তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। এছাড়া পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র যে সকল কর্মকর্তা/কর্মচারী কোভিড-১৯ এ আক্তান্ত হয়েছেন তাদের সুস্থ্যতা কামনা করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) জনাব মোঃ নূরুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

গত মে/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয় এবং সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্টদের-কে ধন্যবাদ জানানো হয়।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **বিবিএস এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র প্রস্তাবিত অর্গানোগ্রাম পুন:পরীক্ষান্তে সংশোধন করে এ বিভাগে প্রেরণের জন্য গত ২৩/০২/২০২০ তারিখের ৩৪ নং স্মারকে মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বিবিএস হতে প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে। | প্রস্তাবিত অর্গানোগ্রাম আগামী মাসের মধ্যে পুন:পরীক্ষান্তে সংশোধন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS |
| ২. | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>সম্প্রতি যোগদানকৃত ১০ জন এ এস ও / সহ: কার্টোগ্রাফার এর অংশগ্রহণে ১৪-১৮ জুন ২০২০ তারিখ ৫ কর্ম দিবসে মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | কোভিড-১৯ এর পরিস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্য বিধি অনুরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS |

<table>
<tr>
<td>৩.</td>
<td>পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:<br>ক) মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) নিলামযোগ্য ২ ক্যাটাগরির অন্তর্ভূক্ত ৭টি গাড়ির পুন:মূল্য নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। জানানো হয় যে, বিআরটিএ-এর প্রতিনিধি ইতোমধ্যে পরিদর্শন করেছেন। ২টির বিষয়ে বিআরটিএ-এর প্রতিবেদন পাওয়া গিয়েছে। শীঘ্রই অন্যটির বিষয়ে প্রতিবেদন সংগ্রহ করতে হবে।</td>
<td>ক) এ বিষয়ে সকল মাঠ পর্যায়ের অফিসকে ১২-০৩-২০২০ তারিখে পত্র দেয়া হয়েছে। প্রতিমাসে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) আগামী মাসের মধ্যে পরিসংখ্যান ভবনে রক্ষিত পরিত্যক্ত গাড়ীগুলির বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:<br>মার্চ /২০২০ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-
<table>
<tr><th>ক্রম</th><th>মে/২০২০</th></tr>
<tr><td>১</td><td>SID- ২২তম (৩৫ টির মধ্যে)</td></tr>
<tr><td>২</td><td>BBS- ১৪ তম (১৬ টির মধ্যে)</td></tr>
</table></td>
<td>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে। প্রশাসন-৪ শাখায় পত্র গ্রহণ করে যে গুলি গোপনীয় বা ব্যক্তিগত নামে নয় তা ই-নথিতে ডাক ফাইলে Upload পূর্বক যথাযথ প্রাপকের নিকট উপস্থাপন করবে। এ বিষয়ে আইটি শাখা লোক নিয়োগসহ প্রয়োজনে প্রশিক্ষনের ব্যবস্থা করে শাখায় দিবেন। Hard copy'তে একটি সিল দিতে হবে যে এটি ই-নথিতে উপস্থাপিত। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোও একই ধরনের ব্যবস্থা গ্রহণ করবেন। পত্র জারীর ক্ষেত্রে BBS এবং অন্যান্য সকল দপ্তরে ই-নথিতেই জারী করতে হবে।</td>
<td>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/ প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td>অডিট আপত্তি সংক্রান্ত:<br>অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ০২টি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৫২টি অডিট আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।
<table>
<tr><th>সংস্থার নাম</th><th>অডিট আপত্তির সংখ্যা</th><th>জড়িত টাকার পরিমান (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>SID</td><td>০২ টি</td><td>১৪০.০৫</td></tr>
<tr><td>BBS</td><td>৫২টি</td><td>৭৬০.৬২</td></tr>
</table></td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আরো তৎপর হতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত নিবিড় যোগাযোগ রাখতে হবে। নিষ্পত্তির বিষয়টি আলোচনা মতে ভিন্ন ছকে উপস্থাপন করতে হবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br><br>২। মহাপরিচালক, BBS</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৬. | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:**<br>বিবেচ্য মাসে অভিযোগ পাওয়া যায় নি। অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পন্ন করা হয়ে থাকে। | GRS-এর অভিযোগ এবং অন্যান্য অভিযোগ দুটি আলাদাভাবে উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ৭. | **মামলা সংক্রান্ত:**<br>বর্তমানে ৯ টি রীট মামলা ও ৩ টি এটি মামলার কার্যক্রম চলমান রয়েছে। | S/F যথাসময়ে প্রেরণ নিশ্চিতসহ সংশ্লিষ্ট আদালত সমূহের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | ১। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID<br>২। আইন কর্মকর্তা, BBS |
| ৮. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)-এর বার্ষিক প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। আগামী ১০ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)- শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (এসডিজি) SID |
| ৯. | **Sustainable Development Goals (SDG)-বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>SDG বাস্তবায়নে সকলে তৎপর রয়েছেন।<br>(ক) গত ০১/০৬/২০২০ তারিখে বাংলাদেশের ২০২০ সালের টেকসই উন্নয়ন অভীষ্টের Voluntary National Review (VNR) এর খসড়া চূড়ান্তকরণে মতামত প্রদান করা হয়েছে।<br>(খ) টেকসই উন্নয়ন অভীষ্টের হালনাগাদকৃত পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো (SDGs M&E Framework) এর মতামত প্রদান করা হয়েছে।<br>(গ) UNSC-এর ৫১তম অধিবেশনে অনুমোদিত, পরিবর্তিত ও পরিমার্জিত সূচকসমূহ SDG Tracker-এর অন্তর্ভুক্তির কাজটি বিবিএস হতে সম্পাদন করা হয়েছে এবং বিবিএস ও এবিভাগের এসডিজি সেল এর মাধ্যমে তথ্য-উপাত্ত প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক Action Plan and Methodological Guidelines towards data gegeration and disagreegation for Monitoring and Evaluation of SDGs শীর্ষক প্রতিবেদনটি এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তীতে NDCC-তে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপিত হবে। | SDG বাস্তবায়নে সকলকে আরো তৎপর হতে হবে। NDCCসহ অন্যান্য কমিটির সভা নিয়মিত করতে হবে। | উপসচিব (SDG সেল) SID |

| | | | |
|---|---|---|---|
| ১০. | **শুদ্ধাচার কৌশল:**<br>শুদ্ধাচার চর্চা অব্যাহত রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হবে। | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১১. | **নাগরিক সেবার উদ্ভাবন/সেবা-পদ্ধতি সহজিকরণ/ ই-সেবা প্রবর্তন:**<br>১। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের **২০১৯-২০** অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী অধিকাংশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। কোভিড-১৯ এর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের পরামর্শ মেনে ইনোভেশন শোকেসিং ও একটি ওয়ার্কশপ আয়োজন স্থগিত করা হয়েছে। ইনোভেশনের সাথে সম্পৃক্ত এসআইডি ও বিবিএস এর কর্মকর্তাগণকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র সচিব কর্তৃক ডিও লেটার প্রদান করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী **২০-০৭-২০২০** তারিখের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। উল্লেখ্য, ৩০-০৭-২০২০ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে।<br><br>২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পাওয়া সাপেক্ষে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের **২০২০-২১** অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করে ৩০-০৭-২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।<br><br>৩। আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পর পর্যালোচনা ও মূল্যায়ন করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে৷<br><br>৪। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পাওয়া সাপেক্ষে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হবে। বিবিএস এর ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণ অব্যাহত থাকবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID,<br><br>২। মহাপরিচালক, BBS |

| | | | |
|---|---|---|---|
| ১২. | যানবাহন সংক্রান্তঃ<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর টিওএন্ডই ভুক্ত গাড়িসমূহের রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | সকল গাড়ীর কাগজপত্র আগামী মাসের মধ্যে হালনাগাদ করতে হবে এবং সকল গাড়ী সচল রাখতে হবে। গাড়ীর History book সংরক্ষণসহ জ্বালানী মেরামত ইত্যাদি খাতের খরচ যথাযথ কি-না তা নিশ্চিত করতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস<br>ও<br>পরিচালক (FA & MIS), BBS |
| ১৩. | **পরিচালক/ যুগ্মপরিচালক/ উপ-পরিচালক ও অন্যান্য পদে পদোন্নতিঃ**<br>কোভিড-১৯-এর প্রাদুর্ভাবজনিত কারণে বর্তমানে বিভাগীয় পদোন্নতি কমিটির সভার কার্যক্রম স্থগিত রয়েছে। | পদশূন্য এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা থাকলে বিভাগীয় পদোন্নতি কমিটির সভা (DPC) স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিয়মিত করতে হবে। | ১। উপসচিব (প্রশাসন-১), SID<br>২। পরিচালক (FA & MIS) BBS |
| ১৪. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:**<br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। পেন্ডিং চিঠি পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, |

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br>কোভিড-১৯-এর প্রাদুর্ভাবজনিত কারণে বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর ৫৯৩ পদে নিয়োগের নিমিত্তে মৌখিক পরীক্ষার কার্যক্রম স্থগিত রয়েছে। ৭১৫ টি ৩য় ও ৪র্থ শ্রেণীর নিয়োগ বিজ্ঞপ্তি প্রক্রিয়াধীন রয়েছে। | স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক সকল শূন্যপদে শীঘ্রই নিয়োগ কার্যক্রম সম্পাদন করতে হবে। | পরিচালক (FA & MIS) BBS | মহাপরিচালক, বিবিএস |
| ২ | **বিবিধঃ**<br>**ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্তঃ**<br>ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং<br>ও<br>প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>ও<br>মহাপরিচালক, বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| | **খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সম্মেলন কক্ষে LCD মনিটর স্থাপন সংক্রান্তঃ**<br><br>Re-Tender দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে এবং Global Brand Private Limited কে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানে ৩১ জুলাই ২০২০ এর মধ্যে LCD মনিটর স্থাপন সম্পন্ন করবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সম্মেলন কক্ষে দ্রুত LCD মনিটর স্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক NSDS, বিবিএস ও প্রোগ্রামার, SID | মহাপরিচালক, বিবিএস |

**<u>বিবিধঃ</u>**

ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকীতে গৃহীত কার্যক্রম সমূহ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তা/কর্মচারীকে আহ্বান জানান।

খ) কোভিড-১৯-এর প্রাদুর্ভাব মোকাবেলায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।